

## ঢাবি ক্যাম্পাসে পুলিশের চাঁদাবাজির অভিযোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে চাঁদাবাজের ভূমিকায় এবার পুলিশের নাম। চাঁদা না দেয়ায় বৃহস্পতিবার পুলিশ ক্যাম্পাসের ২৮ দোকানদার ও কর্মচারীকে আটক করেছে। জানা গেছে, ক্যাম্পাসে দায়িত্বরত এক সার্জেন্ট ও কয়েক পুলিশ প্রতিদিনের মতো বৃহস্পতিবার ক্যাম্পাসের ফুটপাথের দোকানদারদের কাছে চাঁদা চায়। এতে দোকানদাররা টাকা দিতে অসম্মতি জানালে ক্যাম্পাসে দোকান চালানো যাবে না, জানান দিয়ে ২৮ দোকানদার ও কর্মচারীকে আটক করে নীলক্ষেত পুলিশ ফাঁড়িতে নিয়ে যায়। এ যাপারে অপর কয়েক দোকানদার জানান, প্রতিদিন পুলিশ তাদের কাছ থেকে ২০ টাকা করে চাঁদা নেয়। কিন্তু গতকাল চাঁদা না দেয়ায় দোকানদারদের আটক করে। দায়িত্বরত সার্জেন্ট বলেন, উপরেব নির্দেশে এদের আটক করেছি। আবার নির্দেশ পেলে ছেড়ে দেব। চাঁদা চাওয়ার ব্যাপারে তিনি বলেন, চাঁদা চাওয়ার প্রশ্নই আসে না।